আলোঘর

# আলোঘর ই পরিক্রমা

১১তম সংখ্যা, ১ম বর্ষ, নভেম্বর ২০১৯

## আলোঘর জ্ঞান ও তথ্যকেন্দ্র



আলোঘর ছেংগারচর

*ডেভেলোপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট-দিশার প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী মো. সহিদ উল্লাহর উদ্যোগে ‘জ্ঞানের আলোয় উদ্ভাসিত বাংলাদেশ’ এই প্রত্যয়ে ২০০৬ সালে মিরপুর, ঢাকার বর্ধিত পল্লবীতে আলোঘর প্রতিষ্ঠিত হয়। এটা আলোঘর-পল্লবী নামে ই/১১, বর্ধিত পল্লবী, মিরপুর ঢাকায় সকল শ্রেণি-পেশা-জনগোষ্ঠীর জনপ্রিয় তথ্য ও গবেষণা কেন্দ্র হিসেবে সকাল ৯টা হতে রাত ৯টা পর্যন্ত নিয়মিত পরিচালিত হচ্ছে।*

*ঢাকার বাইরের আলোঘর সকাল ৯টা হতে সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা থাকে। ৬টি আলোঘরে রয়েছে ৪৮৯৪ জন সদস্য, রয়েছে ৩১২৫৮টি বইয়ের বিপুল সংগ্রহ। পল্লবী, ঢাকার আলোঘরের পাঠকদের জন্য রয়েছে ১৭টি দৈনিক পত্রিকা, অন্যান্য আলোঘরগুলোতে ৭টি করে দৈনিক পত্রিকা, ২টি করে দৈনিক পত্রিকা আর্কাইভ আছে। বর্তমানে ৬টি আলোঘরে মোট ৫২টি পত্রিকা ও ১২টি আর্কাইভ রাখে। আছে সাইবার সেন্টার যেখানে আলোঘরের সদস্যরা প্রতিদিন ৪০ মিনিট করে ইন্টারনেট ব্যবহার করতে পারে। আলোঘরের সেবাসমূহের জন্য পাঠক/সদস্যদের কোনো মূল্য/ফি দিতে হয় না।*

*৬টি আলোঘরের ঠিকানা :*

*১. আলোঘর-পল্লবী, ই/১১, বর্ধিত পল্লবী, মিরপুর-১১.৫, ঢাকা।*
*২. আলোঘর-বরকইট, বরকইট বাজার, চান্দিনা, কুমিল্লা।*
*৩. আলোঘর-চান্দিনা, আনোয়ারা প্লাজা (৩য় তলা), থানা রোড, চান্দিনা, কুমিল্লা ।*
*৪. আলোঘর-ছেংগারচর, সরজা প্লাজা, সি. আই. ডি ভবন (২য় তলা), পৌরসভা রোড, মতলব উ., চাঁদপুর।*
*৫. আলোঘর-সোনারগাঁ, হাজী কামাল ভূঁইয়া প্লাজা (২য় তলা), পৌরসভা অফিস সংলগ্ন, নোয়াইল আমিনপুর, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।*
*৬. আলোঘর-দোল্লাই নবাবপুর, আলহাজ্ব ইসমাইল মুন্সি মার্কেট (৩য় তলা), দোল্লাই নবাবপুর বাজার, চান্দিনা, কুমিল্লা।*

***আলোর আসর :*** *‘আলোর আসর’ একটি কমিউনিটিভিত্তিক, বিষয়নির্ভর আলোচনাসভা যা প্রতি সপ্তাহের শুক্রবারে সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত আলোঘরসমূহে অনুষ্ঠিত হয়। এর প্রধান লক্ষ্য সমাজের জনগোষ্ঠীকে সমসাময়িক বিষয়ের সাথে সম্পৃক্ত ও সচেতন করা। প্রতি শুক্রবার একজন প্রাক-নির্বাচিত বক্তা একটি নির্বাচিত সমসাময়িক, সামাজিক ও উন্নয়নমূলক বিষয়ভিত্তিক প্রবন্ধ উপস্থাপন করেন, উপস্থিত সদস্য/পাঠকগণ উপস্থাপিত ‘প্রবন্ধ’ বিষয়ে আলোচনা করেন এবং সর্বসম্মতভাবে প্রবন্ধটিকে সংযোজন ও বিয়োজনের মাধ্যমে সমৃদ্ধ করা হয়। প্রতিবছর অনুষ্ঠিত আলোর আসরের প্রবন্ধসমূহ বই আকারে আলোঘর প্রকাশনা কর্তৃক প্রকাশিত হয়। বিভিন্ন শ্রেণি-পেশার আগ্রহীগণ (সরকারি চাকরিজীবী, ব্যাংক কর্মকর্তা, ব্যবসায়ী, গবেষক, সমাজকর্মী, শিক্ষার্থী এবং অবসরপ্রাপ্ত ব্যক্তিরা) আলোর আসরে প্রবন্ধ উপস্থাপন ও অংশগ্রহণ করেন।*

***আলোঘর সবুজদল :*** *আলোঘর সবুজদল : আলোঘর কেন্দ্রিক গ্রামগুলোতে ষষ্ঠ থেকে দশম শ্রেণির শিক্ষার্থী নিয়ে তাদের শিক্ষা ও সৃজনশীল জ্ঞান বিকাশে সবুজ দল গঠন করা হয়। ৬টি আলোঘরে সবুজদল ২৪০টি। এর মধ্যে ছেলেদের দল ১২০টি, মেয়েদের দল ১২০টি ছেলের দল সদস্য ৩৬০২ জন, মেয়ের দল সদস্য- ৩৫৯৮ জনসহ সর্বমোট সদস্য সংখ্যা ৭২০০ জন। সবুজ দলে যে সকল কার্যক্রম হয় তা হলো-মাসিক আলোচনা সভা যেমন :বাল্য বিবাহের কুফল, মাদকাশক্তি, প্রাথমিক চিকিৎসা, খাদ্য ও পুষ্টি পরিবেশ, ঝরে পড়া শিক্ষার্থী, বাড়ির আঙিনায় কৃষি ইত্যাদি।*

*শিক্ষার্থীদের দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে তোলার নিমিত্তে স্থানীয়ভাবে বিভিন্ন জাতীয় দিবস (যেমন ৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস, ১৬ ডিসেম্বর বিজয় দিবস, ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও ২৬ মার্চ স্বাধীনতা দিবস এবং পহেলা বৈশাখ) আলোচনা, প্রবন্ধ/কবিতাপাঠ/ প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি আয়োজনের মাধ্যমে পালন/উদ্‌যাপন করা হয়। এছাড়াও প্রতি মাসে কিশোর আলো ও অন্যান্য শিক্ষণীয় বই বিতরণ করে প্রতিটি সবুজদলে একটি ক্ষুদ্র পাঠাগার গড়ে তোলা হচ্ছে। বৈশ্বিক উষ্ণতারোধে এবং সবুজায়ন ও পরিবেশ রক্ষাসহ পুষ্টিসমৃদ্ধ সমাজ গঠনের লক্ষ্যে আলোঘর সবুজদলের সদস্যদের মাঝে বিনা মূল্যে আম্রপালি আমের চারা বিতরণ করা হয়।*

*আলোঘর নার্সারি : সবুজদলে ও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে আম্রপালি আমের চারা বিনামূল্যে বিতরণের জন্য আলোঘর নার্সারি প্রতিষ্ঠা হয়। বৈশ্বিক উষ্ণতারোধে সবুজায়ন ও পরিবেশ রক্ষাসহ পুষ্টিসমৃদ্ধ সমাজ গঠনের লক্ষ্যে আলোঘর সবুজ দলের সদস্য এবং দেশের বিভিন্ন প্রান্তের শিক্ষাপ্রতিষ্ঠানে আলোঘর নার্সারির উৎপাদিত আম্রপালি আমের চারা আলোঘর কর্তৃক বিনামূল্যে বিতরণ করা হয়। ২০১৬ সাল থেকে আম্রপালি আমের চারা বিতরণ কার্যক্রম শুরু হয় এবং এই পর্যন্ত (অক্টোবর ২০১৯) মোট ৫৪২৫০টি আম্রপালি আমের চারা শিক্ষার্থীদের মাঝে ও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে।*

*আলোঘর প্রকাশনা : বই মূল্যবান সম্পদ যা মানুষকে আলোকিত করে। সমাজের সকল স্তরের মানুষের মাঝে বই পড়ার অভ্যাস তৈরি করা ও তাদেরকে জ্ঞান সমৃদ্ধ করে 'আলোকিত বাংলদেশ' গড়ার প্রত্যয়ে প্রথিতযশা দেশি/বিদেশি এবং নবীন সৃজনশীল লেখকদের মানসম্পন্ন বই প্রকাশ ও বইপ্রেমী মানুষের কাছে বই পৌঁছে দিতে আলোঘর প্রকাশনা ২০১৪ সালে প্রতিষ্ঠিত হয়। আলোঘর প্রকাশনা আগস্ট ২০১৯ পর্যন্ত গল্প, উপন্যাস, কবিতা, প্রবন্ধ, স্বাস্থ্য ও চিকিৎসা, বিজ্ঞান, জীবনী, গবেষণা, কলাম ইত্যাদি মোট ৩৯ ধরনের ২৩০টি বই প্রকাশ করেছে। আলোঘর প্রকাশনা প্রতিবছর অমর একুশে গ্রন্থমেলায় অংশগ্রহণ করে থাকে এছাড়াও দেশের বিভিন্ন স্থানে অনুষ্ঠিত বিভিন্ন বইমেলায়ও অংশগ্রহণ করে। এছাড়া আলোঘর প্রকাশনা শিক্ষার্থীদের হাতের কাছে আলোঘর প্রকাশনার বই এবং অন্যান্য প্রকাশনার প্রকাশিত তাদের প্রিয় লেখকদের বই পৌঁছে দিতে সারা দেশের শিক্ষাপ্রতিষ্ঠানে 'আলোঘর ভ্রাম্যমাণ বইমেলা' আয়োজন করছে।*

*ক্যারিয়ার কাউন্সিলিং : চাকরি প্রত্যাশী পাঠকদের ভবিষ্যৎ জীবনের দিকনির্দেশনা দিয়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণে উদ্বুদ্ধকরণের জন্য আলোঘর ৩ নভেম্বর ২০১৮ থেকে ক্যারিয়ার কাউন্সিলিং প্রোগ্রাম পরিচালনা করছে। এতে সরকারি/বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাদের অভিজ্ঞতা বিনিময় এবং চাকরি প্রত্যাশী পাঠকদের সাথে অংশগ্রহণমূলক এবং উৎসাহব্যঞ্জক আলোচনা হয়।*

# আলোঘর প্রকাশনা

## অক্টোবর ২০১৯ এ প্রকাশিত বইসমূহ :




*পৃথিবী চলছে গণিত এবং দর্শনের উপর ভিত্তি করে। পৃথিবী শুধু নয়, মহাবিশ্বে এমন কিছু নেই, যা গণিতের সাহায্যে ব্যাখ্যা করা যায় না। পৃথিবীর সূচনালগ্ন থেকে মানুষের গণিতের প্রতি অগাধ আকর্ষণ ও আগ্রহ। 'পৃথিবীর সেরা দশ গণিতজ্ঞ' বইটিতে রয়েছে বিখ্যাত দশজন গণিতবিদের জীবনকাহিনি যারা বিশ্ববিখ্যাত এবং গণিতের পথিকৃৎ। তাদের হাত ধরেই উন্নত হয়েছে আজকের এই সমৃদ্ধ গণিত। তবে গণিতের অন্ত বা শেষ বলে কিছু নেই। আজ যে ছেলে বা মেয়েটা গণিতচর্চা করছে, কাল বা পরশু সেই নতুন নতুন তত্ত্ব আবিষ্কার করে গণিতে অনন্য ভূমিকা রাখবে। আমি নিজেই গণিতের প্রতি খুবই উৎসাহী এবং স্বপ্ন দেখি অদূর ভবিষ্যতে আমার এই দেশ থেকেই জন্ম হবে ভবিষ্যৎ সেরা গণিতবিদের। যারা গণিতকে ভালোবাসে, গণিতের প্রতি প্রবল ঝোঁক আছে–তারা গণিতবিদের জীবনী পড়ে হয়তো নিজের চেষ্টা ও আত্মশক্তিকে সমৃদ্ধ করতে সচেষ্ট হবে।*

*মূল্য : ১০০ টাকা*




*চতুর্থ শতক থেকে শুরু করে বর্তমান পর্যন্ত হাজারও চিত্রশিল্পী রয়েছে। তাদের মধ্যে থেকে বিশ্বখ্যাত ৫১ জন চিত্রশিল্পীর জীবনী নিয়ে এই গ্রন্থটি। গ্রন্থটিতে পাবলো পিকাসো, সালভাদর দালি, ভ্যান গগ, লিওনার্দো দ্যা ভিঞ্চি, জয়নুল আবেদিন, এস এম সুলতান এবং কামরুল হাসারসহ আরও অনেকের জীনবীও তাদের বিখ্যাত চিত্রকর্ম তুলে ধরা হয়েছে। এই বইটি লেখার মূল উদ্দেশ্য হল নবীন ও প্রবীণ উভয় পাঠককে এই ৫১ জন চিত্রশিল্পীর জীবন সম্পর্কে জানানো।*

*মূল্য : ১০০০ টাকা*

# বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে বিনামূল্যে আম্রপালি আমের চারা বিতরণ
# অক্টোবর ২০১৯



সরকারি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, চান্দিনা, কুমিল্লা



বরকইট উদয়ন উচ্চ বিদ্যালয়, চান্দিনা. কুমিল্লা




ছেংগারচর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, মতলব উত্তর, চাঁদপুর

*পরিবেশ রক্ষাসহ পুষ্টির ও সবুজায়নের লক্ষ্যে আলোঘর বিভিন্নি শিক্ষাপ্রতিষ্ঠানে বিনামূল্যে আম্রপালি আমের চারা বিতরণ কার্যক্রমের আওতায় অক্টোবর ২০১৯ এ মোট ৩৬০০টি আম্রপালি আমের চারা বিতরণ করা হয়েছে।*

*আলোঘর চান্দিনা :*

*চান্দিনা আলোঘরের আয়োজনে গত ৩ অক্টোবর ২০১৯ বৃহস্পতিবার সকাল ১০.৩০মিনিটে চান্দিনা উপজেলানির্বাহী স্নেহশীষ দাশের সভাপতিত্বে চান্দিনা সরকারি মডেল পাইলট উচ্চ বিদ্যালয় সেমিনার কক্ষে ৪০টি সবুজদলের ১২০০ জন শিক্ষার্থীর মাঝে ১২০০টি আম্রপালি আমের চারা আনুষ্ঠানিকভাবে বিনামূল্যে বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শিক্ষার্থীদের মাঝে আম্রপালি আমের চারা বিতরণ করেন উপজেলা চেয়ারম্যান বীর-মুক্তিযোদ্ধা তপন বকসী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চান্দিনা পৌরসভা মেয়র জনাব মফিজুল ইসলাম; প্রধান শিক্ষক জনাব এমদাদুল হক; উপজেলাসহ কৃষি অফিসার জনাব মোহসিন তালুকদার এবং আলোঘরের উর্ধ্বতন কর্মকর্তা কৃষিবিদ আনিছুর রহমান।*

*আলোঘর বরকইট :*

*বরকইট আলোঘরের উদ্যোগে ১৭ অক্টোবর ২০১৯ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় চান্দিনা উপজেলার বরকইট উদয়ন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক তপন চন্দ্র দেবনাথের সভাপতিত্বে উপজেলার বরকইট উদয়ন উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে ৪০টি সবুজদলের ১২০০ জন শিক্ষার্থীর মাঝে ১২০০টি আম্রপালি আমের চারা আনুষ্ঠানিকভাবে বিনামূল্যে বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে শিক্ষার্থীদের মাঝে চারা বিতরণ করেন বরকইট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মো. আবুল হাসেম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরকইট উদয়ন উচ্চ বিদ্যালয়ের সভাপতি মোসলেহ উদ্দিন আহমেদ, আলোঘরের উর্ধ্বতন কর্মকর্তা কৃষিবিদ আনিছুর রহমান এবং সহকারী কৃষি অফিসার আবু হুরায়রা ।*

আলোঘর ছেংগারচর :
ছেংগারচর আলোঘরের উদ্যোগে মতলব উত্তর উপজেলার ১২০০ জন শিক্ষার্থীকে ১২০০টি আম্রপালি আমের চারা বিনামূল্যে বিতরণ করল। চারা বিতরণ অনুষ্ঠানটি অদ্য ৩০ অক্টোবর ২০১৯ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় ছেংগারচর সরকারি মডেল উচ্চ বিদ্যালয় মাঠে স্কুলের প্রধান শিক্ষক আলহাজ বেনজির আহমেদ মুন্সী'র সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দিশার প্রধান নির্বাহী মো. সহিদ উল্লাহ। এছাড়া অতিথি ছিলেন দি ইউএই ইনভেস্টমেন্ট কোম্পানী লিমিটেডের (ইউবিকো) প্রতিনিধি মো. আমিনূল হক, আলোঘরের উর্ধ্বতন কর্মকর্তা কৃষিবিদ আনিছুর রহমান এবং উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার মো. পাভেল খান। সরকারের পাশাপাশি বৃক্ষরোপণ অভিযান-২০১৯ এর অংশ হিসেবে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে এই আম্রপালি আমের চারা বিনামূল্যে বিতরণ করা হয়। উক্ত চারা বিতরণ অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে প্রধান শিক্ষক বলেন, আলোঘরের মাধ্যমে এ চারা বিতরণ একটি মহতী উদ্যোগ। তিনি ছেংগারচরে দিশার সামাজিক কাজ বিস্তৃত করার জন্য দিশার প্রধান নির্বাহীকে বিশেষ ধন্যবাদদেন। দিশার প্রধান নির্বাহী বলেন 'বর্তমানে পরিবেশ দিন দিন ঝুঁকির মধ্যে পড়ছে। এর থেকে বাঁচার উপায় হলো প্রত্যেকে ২/৩টি করে বৃক্ষরোপন করা। আমরা তরুণ শিক্ষার্থীদেরকে চারা দিচ্ছি যার ফলে আমাদের শিক্ষার্থীরা ছোট থেকেই বৃক্ষ রোপণে উৎসাহিত হবে।' আলোঘরের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার কৃষিবিদ আনিছুর রহমান স্বাগত বক্তব্যে সবুজ দলের মাধ্যমে বিভিন্ন সামাজিক কাজ বাস্তবায়নের কথা বলেন। কৃষি সম্প্রসারণ কর্মকর্তা বলেন, দিশা আলোঘর সরকারের পাশাপাশি উন্নয়ন কাজ করছে। তাদের সাথে আমরা সবসময় আছি। আমের গাছ রোপণ করে যে ফল আসে তা থেকে পুষ্টি ও অর্থ দুইই পাওয়া যাবে। তিনি সকলকে একটি আমের চারা হাতে নিয়ে অনুষ্ঠানে বিতরণকৃত আম গাছ রোপণ কৌশল থেকে ফল আসা পর্যন্ত পরিচর্যার নানাবিধ পরামর্শ দেন। তিনি গাছের সার ব্যবস্থাপনা কৌশল ছাত্রছাত্রীদেরকে ভালোভাবে বুঝিয়ে দেন। সকলের বক্তব্য শেষে উপস্থিত অতিথিবৃন্দ ১২০০ জন ছাত্রছাত্রীর প্রত্যেকের হাতে একটি করে আম্রপালি আমের চারা তুলে দেন। এছাড়া প্রত্যেককে একটি করে আম্রপালি আমের চারা রোপণ কৌশলের উপর লিফলেট প্রদান করা হয়।

## আলোঘর ভ্রাম্যমাণ বইমেলা, অক্টোবর ২০১৯


বরিশাল উদয়ন মাধ্যমিক বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গনের আলোঘর প্রকাশনার আয়োজনে আলোঘর ভ্রাম্যমাণ বইমেলায় শিক্ষার্থীরা ।


আমড়াতলী সি আলী উচ্চ বিদ্যালয়, বরুড়া, কুমিল্লায় ১৬ অক্টোবর ২০১৯ বরকইট আলোঘরের আয়োজনে ভ্রাম্যমাণ বইমেলা।

পাঠাভ্যাস গড়ে তোলা এবং শিশু/কিশোর/যুবকসহ সমাজের সকল শ্রেণির বইপ্রেমী মানুষের হাতের নাগালে তাদের পছন্দের/চাহিদা অনুযায়ী সৃজনশীল ও মানসম্মত বই পৌঁছে দিতে আলোঘর 'প্রতিদিন বইমেলা প্রতিজনে একটি বই' প্রতিপাদ্যে পর্যায়ক্রমে আলোঘর সারা দেশে 'আলোঘর ভ্রাম্যমাণ বইমেলা'র আয়োজন করছে। সেপ্টেম্বর ২০১৯ এ বরিশাল জেলায় সরকারি মডেল স্কুল এন্ড কলেজসহ ৬টি শিক্ষাপ্রতিষ্ঠানে; কুমিল্লা জেলায় ধনুয়াখলা উচ্চ বিদ্যালয়সহ ৫টি শিক্ষাপ্রতিষ্ঠানে; ঢাকা জেলায় চাইল্ড হ্যাভেন ইন্টারন্যাশনাল স্কুলসহ মোট ১টি শিক্ষাপ্রতিষ্ঠানে; নরসিংদী পাবলিক কলেজসহ ৩টি শিক্ষাপ্রতিষ্ঠানে; চাঁদপুর জেলায় ছেংগারচর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়ে মোট ৫টি জেলায় ১৬টি শিক্ষাপ্রতিষ্ঠানে ২১টি ভ্রাম্যমাণ বইমেলা অনুষ্ঠিত হয়েছে।

# শিক্ষার্থীদের আলোঘর পরিদর্শন



দোল্লাইনবাবপুর বালিকা উচ্চ বিদ্যালয়ে নবম শ্রেণীর শিক্ষার্থীরা

*শিক্ষার্থীদের বই পড়ায় উৎসাহিত করণের লক্ষ্যে আলোঘরসমূহের নিকটবর্তী শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের শ্রেণিগতভাবে আলোঘর পরিদর্শনের উদ্যোগ নেয়া হয়েছে যা আলোঘরের একটি নিয়মিত কার্যক্রম। পরিদর্শন কালে শিক্ষার্থীরা আলোঘরে সংরক্ষিত বইসমূহ এবং আলোঘরের সেবাসমূহ সম্পর্কে অবহিত হয়। তারা তাদের পছন্দের বইও পড়তে পারে।*

*অক্টোবর ২০১৯ এর কুমিল্লা জেলার চান্দিনা উপজেলায় দোল্লাইনবাবপুর বালিকা উচ্চ বিদ্যায়সহ ২টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী আলোঘর দোল্লাইনবাবপুর; ঢাকা জেলায় রূপনগর সরকারি উচ্চ বিদ্যালয়সহ ৩টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী পল্লবী আলোঘর; কুমিল্লা জেলার, চান্দিনা ডা. ফিরোজা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়সহ ২টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী চান্দিনা আলোঘর; চাঁদপুর জেলার, ছেংগারচর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়সহ ২টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী ছেংগারচর আলোঘর; এবং কুমিল্লা জেলার চান্দিনা উপজেলায় বরকইট উদয়ন উচ্চ বিদ্যালয়সহ ২টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা বরকইট আলোঘর পরিদর্শন করে।*

# আলোর আসর

## অক্টোবর ২০১৯ অনুষ্ঠিত আলোর আসরসমূহ :

*দোল্লাইনবাবপুর আলোঘরে ৪টি বিষয়ে : দেশ ভ্রমণ, বাংলাদেশের ভূগোল, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এবং গ্রিনহাউজ প্রতিক্রিয়া; পল্লবী আলোঘরে ৪টি বিষয়ে : হতাশামুক্ত থাকুন আনন্দে বাচুন, বাংলাদেশে দুর্নীতি ও সন্ত্রাস এবং সমাধানের উপায়, যানজট বিভ্রাট, বাংলাদেশ ও উন্নত দেশের শিক্ষা ব্যবস্থার প্রকৃতি; চান্দিনা আলোঘরে ৪টি বিষয়ে : আমার দেখা একটি মেলা, আত্মনির্ভরশীলতা, প্রকৃতি ও পরিবেশ রক্ষায় বনায়ন এবং খাদ্যে ভেজাল ও তার প্রতিকার; ছেংগারচর আলোঘরে ৪টি বিষয়ে: বই পড়ার প্রয়োজনীতা, শিক্ষার মান উন্নয়নে শিক্ষক ও শিক্ষার্থীর ভূমিকা, বাংলাদেশের প্রাচীন স্থাপত্য, নারী আন্দোলনের ইতিহাস ও বর্তমান ধারা; সোনারগাঁ আলোঘরে ৩টি বিষয়ে : প্রবাল দ্বীপ সেন্টমার্টিন, বিশ্ব পরিবেশ দিবস, বিজ্ঞান আশীর্বাদ না অভিশাপ; এবং বরকইট আলোঘরে ৩টি বিষয়ে : ধূমপানের কুফল, খাদ্যে ভেজাল ও ভেজাল রোধে করণীয়, সন্ত্রাস মুক্ত শিক্ষাঙ্গন ইত্যাদি সর্বমোট ২২টি আলোর আসর অনুষ্ঠিত হয়েছে।*



আলোঘর পল্লবী ৩৪৫তম আলোর আসরে 'বাংলাদেশ দুর্নীতি ও সন্ত্রাস এবং এর সমাধানের উপায়' বিষয়ক প্রবন্ধ উপস্থাপন করেন মো. ওমর ফারুক